



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৭৮

শুধু চাকুরির পেছনে না ছুটে উদ্যোক্তা হতে হবে

- রাসিক মেয়র

রাজশাহী; ১৫ কার্তিক (৩১ অক্টোবর):

রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন বলেছেন, তরুণ প্রজন্মকে শুধু চাকুরির পেছনে না ছুটে উদ্যোক্তা হতে হবে, আত্মকর্মে নিজেকে বলিয়ান হতে হবে এবং কর্মসংস্থান সৃষ্টি করতে হবে।

আজ সন্ধ্যায় রাজশাহী কলেজ মিলনায়তনে ঐক্য ফাউন্ডেশন আয়োজিত 'দক্ষতায় এসএমই, উদ্যোক্তায় আমি' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

মেয়র বলেন, একটা সময় ছিল যখন সন্তানের পড়াশুনা শেষ হলেই বাবা-মা বলতো এবার একটা চাকুরি করো। সেই সময়টি কিন্তু এখন সেইভাবে নেই, এই ধরনের প্রবণতা অনেকটা কমে গেছে। এখন দেশে অনেক উদ্যোক্তা তৈরি হচ্ছে, যারা নিজেদের পাশাপাশি আরও অনেকের কর্মসংস্থান সৃষ্টি করছে।

খায়রুজ্জামান লিটন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন- তোমরা চাকুরি না খুঁজে, উদ্যোক্তা হও। আমরা যদি সবাই মিলে অন্যের কর্মসংস্থান করে দিতে পারি তা হলে বেকারত্ব অনেক কমে আসবে। তিনি বলেন, ঐক্য ফাউন্ডেশনের মাধ্যমে সারাদেশে এসএমই উদ্যোক্তা তৈরি হচ্ছে, যাদের মাধ্যমে অনেক কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

মেয়র বলেন, এখন উদ্যোক্তা তৈরি হওয়ার জন্য সরকারিভাবে নানারকম সাহায্য-সহযোগিতা দেয়া হচ্ছে। ব্যাংকের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদানের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। কোনো জামানত ছাড়া সহজ শর্তে শুধু সার্টিফিকেট দিয়েই স্বল্প সুদে ঋণ পাওয়া যায়। এ ছাড়া নানাভাবে প্রশিক্ষণেরও ব্যবস্থা করা হচ্ছে।

তিনি শিক্ষার্থীদেরকে উদ্যোক্তা হওয়ার ব্যাপারে উৎসাহ দিয়ে বলেন, তোমরা শুরু করো, দশজন চেষ্টা করলে একজন সফল হবেই। সারা পৃথিবীর মানুষ ডিজিটাল প্ল্যাটফর্মে কাজ করে ব্যাপক উন্নয়ন করছে তোমরাও সঠিকভাবে সময় কাজে লাগিয়ে অর্থ উপার্জন করতে পারো। নতুন প্রজন্ম সঠিক চিন্তাধারা ও কর্মের মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে পাবরে বলে এ সময় তিনি আশা প্রকাশ করেন।

ঐক্য ফাউন্ডেশন (সিএমএসএমই উদ্যোক্তা উন্নয়ন উইং)-এর সভাপতি শাহীন আক্তার রেনী'র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন আরএমপি'র কমিশনার আবু কালাম সিদ্দিক, জেলা প্রশাসক আব্দুল জলিল, বাংলাদেশ ব্যাংকের পরিচালক মির্জা আব্দুল মান্নান, রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: আব্দুল খালেদ ও জেলা শিক্ষা অফিসার মোহা: নাসির উদ্দিন প্রমুখ।

তৌহিদ/রুহুল/রোকন/২০২২/২০.৪৫ঘ.